

শুধু তোমার বাণী নয় গো, হে বন্ধু, হে প্রিয়,  
মাঝে মাঝে প্রাণে তোমার পরশখানি দিয়ো ॥  
সারা পথের ক্লান্তি আমার সারা দিনের তৃষা  
কেমন করে মেটাব যে খুঁজে না পাই দিশা—  
এ আঁধার যে পূর্ণ তোমায় সেই কথা বলিয়ো ॥  
হৃদয় আমার চায় যে দিতে, কেবল নিতে নয়,  
বয়ে বয়ে বেড়ায় সে তার যা-কিছু সঞ্চয় ।  
হাতখানি ওই বাড়িয়ে আনো, দাও গো আমার হাতে—  
ধরব তারে, ভরব তারে, রাখব তারে সাথে,  
একলা পথের চলা আমার করব রমণীয় ॥

---

Parjaay: Puja, Taal: 6 Matra (6) / Jhaaptaal, Raag: Sahana  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail